

ইলিশ সম্পদ উন্নয়ন সম্পর্কিত উপজেলা টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি: সিফাত আনোয়ার তুমপা, উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা।

সভার স্থান: সভাকক্ষ, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন, তালতলী, বরগুনা।

সভার তারিখ ও সময়: ১০/০১/২০২৪ খ্রি. এবং সময়: বিকাল ০৩.৩০ টা।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিবকে আজকের সভার আলোচ্যসূচি আলোকপাত করার জন্য অনুরোধ করেন। উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, প্রতিবছর মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহন্দি ও অন্যান্য অবৈধ জাল নির্মূলকরণের লক্ষ্যে মৎস্য ও পানিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে বিগত বছরের ন্যায় ২০২৪ সালেও ১১-১৮ জানুয়ারি, ২৩-২৯ জানুয়ারি, ০৬-১৩ ফেব্রুয়ারি, এবং ২২-২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. পরিচালিত হবে। অতঃপর তিনি মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর পত্র নং: ৩৩.০২.০০০০.৯২৭.৩৪.০০১.২৩-১, তারিখ: ১০/০১/২০২৪ খ্রি. পাঠ করেন এবং বলেন যে, এসআরও নং ৯৩/আইন/২০১৩, তারিখ: ০৭ এপ্রিল ২০১৩ খ্রি. মোতাবেক The Conservation and Protection of Fish Act 1950 (E.B Act No XVIII of 1950) এর Section 3 এর sub section (3) এর clause (iii), Protection and Conservation of Fish Rules, 1985 এর Rule 12 এ প্রদত্ত ক্ষমতাবলে যে কোন আকার, প্রকার, ধরণ, ফাঁস, মেস সাইজ এর উপকূলীয় বেহন্দি জাল দেশের সকল স্বাদু বা মিঠা পানির জলাশয়ে এবং সর্বোচ্চ জোয়ারে ১০ (দশ) মিটার গভীরতায় উপকূলীয় জলসীমায় ব্যবহার সারা বছর নিষিদ্ধ করা হয়েছে। অতঃপর জাটকা রক্ষার পাশাপাশি উক্ত “বিশেষ কন্সিং অপারেশন ২০২৪” বাস্তবায়নের জন্য সভার উপস্থিত সদস্যবৃন্দকে বিস্তারিত আলাপ আলোচনার জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলাপ আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। প্রচার প্রচারণা:

ক্র নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
১	২	৩	৪
০১	মাইকিং ও প্রচার প্রচারণা	সদস্য সচিব জানান প্রতিটি ইউনিয়নের আড়ত, বাজার, মাছঘাটে ইতিপূর্বে প্রচার প্রচারণা চালানো হয়েছে। পাশাপাশি মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল নির্মূলকরণে জেলা ও উপজেলা পর্যায়ে সচেতনতা কর্মসূচি গ্রহণ করা হয়েছে অতএব এসব জাল বন্ধে পুনরায় মাইকিং এর ব্যবস্থা করা যেতে পারে বলে উপস্থিত সদস্য বৃন্দ মতামত প্রকাশ করেন।	জাটকা রক্ষার পাশাপাশি “বিশেষ কন্সিং অপারেশন ২০২৪” বাস্তবায়নে নির্ধারিত তারিখ অপ্রকাশিত না করে পুনরায় মাইকিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। অভিযান এবং ভ্রাম্যমান আদালত পরিচালনা:

ক্র নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
১	২	৩	৪
০১	অভিযান পরিচালনা	সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান, অত্র উপজেলায় একপাশে আন্ধারমানিক নদী অন্যপাশে পায়রা এবং সম্মুখ্যে বঙ্গোপসাগর হওয়াতে অত্র উপজেলাটি মৎস্য সেক্টরের জন্য খুব গুরুত্বপূর্ণ। তাই মৎস্য সেক্টরের সমৃদ্ধির জন্য অবৈধ জাল নির্মূলে অভিযান সংখ্যা বৃদ্ধি করতে হবে। দিনের চেয়ে রাতে বেশি অবৈধ জাল দিয়ে নদীতে মৎস্য আহরণ করা হয় তাই রাতের অভিযান বাড়াতে হবে।	দিনের সাথে সাথে রাতের অভিযান বাড়াতে হবে।

০২	মোবাইল কোর্ট পরিচালনা	সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান, যেহেতু অত্র উপজেলায় অনেক বড় এবং অনেকগুলো নদী রয়েছে। অতএব প্রত্যেক দিন কমপক্ষে (০১) টি করে মোবাইল কোর্ট পরিচালনা করা জরুরি। এমতাবস্থায় উপস্থিত সদস্যবৃন্দ কমিটির সভাপতির নিকট প্রত্যাহ (০১) টি করে মোবাইল কোর্ট পরিচালনা করার অনুরোধ করেন।	প্রত্যেক দিন (০১) টি করে মোবাইল কোর্ট পরিচালিত হবে।
০৩	আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী মোতায়ন	জাটকা রক্ষা এবং অবৈধ জাল নির্মূলে নিয়মিত অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী প্রয়োজন। এ ব্যাপারে সভাপতি উপস্থিত তালতলী থানার অফিসার ইন চার্জ এর দৃষ্টি আকর্ষণ করেন।	অভিযান জোরদার করা হবে।
০৪	কোষ্টগার্ড ও নৌপুলিশ সম্পৃক্তকরণ	সভায় উপস্থিত কৃষি কর্মকর্তা জানান যে, মেঘনা নদী সহ অন্যান্য নদীতে কোষ্টগার্ড ও নৌপুলিশ সমন্বিত অভিযান পরিচালনা করলে অবৈধ জালের ব্যবহার অনেকাংশে কমে যাবে। উপজেলা টার্কফোর্স কমিটির সাথে সমন্বয় সাধনের মাধ্যমে অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য টার্কফোর্স কমিটি কতৃক অনুরোধ করা হয়।	ইলিশ সম্পদ সংরক্ষনের নিমিত্ত উপজেলা টার্কফোর্স কমিটির সাথে সমন্বয় সাধনের মাধ্যমে অভিযান পরিচালনা করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।

Stamp
১১/০১/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
তালতলী, বরগুনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
তালতলী, বরগুনা।

স্মারক নং- ৩৩.০২.০৪৯০.৫০১.৬০.০০১.২৪-২৩৯

তারিখঃ ১১ জানুয়ারি, ২০২৪খ্রি.

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। উপপরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৩। বিভাগীয় উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা, বরগুনা।
- ৫।, তালতলী, বরগুনা।
- ৬।
- ৭। অফিস কপি।

Signature
১১.০১.২৪

ডিস্ট্র বাইন
উপজেলা মৎস্য কর্মকর্তা
তালতলী, বরগুনা।